গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট
সমাজসেবা অধিদফতর
dss.sylhetdiv.gov.bd

তারিখ: ১২ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৪১.২৮.০০০০.০০০.১৬.০১৭.১৯.৪২৩

বিষয়: **শহর সমাজসেবা কার্যালয়, সুনামগঞ্জ পরিদর্শনে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন।**

সূত্র: শহর সমাজসেবা কার্যালয়, সুনামগঞ্জ এর ০৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখের পরিদর্শন

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখে শহর সমাজসেবা কার্যালয়, সুনামগঞ্জ সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে জনাব এস.এম. মোক্তার হোসেন, সহকারী পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট ও জনাব মোহাম্মদ শাহিনুর আলম, শহর সমাজসেবা অফিসার, সুনামগঞ্জ উপস্থিত ছিলেন। পরিদর্শনের প্রেক্ষিতে বিভাগীয় সমাজসেবা অফিসের পর্যবেক্ষণ ও নির্দেশনা নিম্নে তুলে ধরা হলো:

ক. অত্র দপ্তরে সমাজসেবা অফিসার-১, অফিস সহকারী-০১ ও অফিস সহায়ক-০১ এবং নিরাপত্তা প্রহরী-১ সহ কর্মরত আছেন ০৪ জন। পৌরসমাজ কর্মী-০২টি পদ শূন্য আছে। জনবল শূন্যতার কারণে মাঠ কার্যক্রম বাস্তবায়ন ব্যাহত হচ্ছে।

খ. সামাজিক নিরাপত্তা খাতে এই দপ্তরের অধীন বয়স্কভাতা-১৩১৫, বিধবাভাতা-৩৫০, প্রতিবন্ধী ভাতা-৯১৫, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি-১২, অনগ্রসর জনগোষ্ঠীর ভাতা-১৯। শহর সমাজসেবা অফিসের লাইভ ভেরিভিকেশন শতভাগ সম্পন্ন হয়েছে। তবে অনলাইন দরখাস্ত: বয়স্কভাতা: ৪৪০, বিধবাভাতা ৯৮৬ এবং প্রতিবন্ধী ভাতা: ১৯৬।


গ. ভিক্ষুক পুনর্বাসন তহবিলে মোট ৫ লক্ষ টাকা আছে। কমপক্ষে ১০জন ভিক্ষুককে মাসে দুজন করে টেকসই পুনর্বাসন করতে হবে। DIS কার্যক্রম সুচারুভাবে সম্পন্ন হচ্ছে; সদর UHFO সনাক্ত করেন। নিয়মিত সুবর্ণ নাগরিক পরিচয়পত্র ইস্যু করা আবশ্যক।

ঘ. এই উপজেলায় ক্ষুদ্রঋণ ও আর্থ-সামাজিক কার্যক্রম নিম্নরূপ:
১ আরএসএস (সুদমুক্ত ক্ষুদ্রঋণ): বিনিয়োগ: ব্যাংকে গচ্ছিত ২ লক্ষ টাকা, মাঠে অনাদায়ী ৫৩,৩১,৭৩০ টাকা। গত মাসে আদায় ১,০২,৪০০ টাকা। পুনঃবিনিয়োগ: ব্যাংকে গচ্ছিত ১৭,৩৮,৭৮০ টাকা, মাঠে অনাদায়ী ২৩,১২,৫৬০ টাকা, গত মাসে আদায় ৫১,০০০ টাকা।

ঙ. দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রে ৫টি অনুমোদিত ট্রেড যথা: কম্পিউটার অফিস, আমীনশীফ, ট্রেইলারিং। শুধুমাত্র কম্পিউটার অফিস চালু আছে। নতুন ল্যাবে কম্পিউটার ২০টি+পুরাতন ১৮ টি। জেলা সমাজকল্যাণ কমপ্লেক্স চালু হবার পর UCDতে কমপক্ষে ৪/৫টি ট্রেডে প্রশিক্ষণ প্রদানের জন্য উপপরিচালক ব্যবস্থা নিবেন।

পর্যবেক্ষণ: সমাজসেবা অফিসার জনাব শাহীনুর আলম এর ভাষ্যমতে স্থান সংকুলান না হওয়ায় একটি মাত্র ট্রেডে প্রশিক্ষণ চলছে; নতুন ভবনে এই অফিসটি স্থান্তরিত হলে কমপক্ষে ৫টি ট্রেডে প্রশিক্ষণ চালানোর জরুরি তাগিদ দেয়া হয়।

এমতাবস্থায় যাবতীয় দাপ্তরিক ও মাঠ কার্যক্রম যথাসময়ে শতভাগ সম্পন্ন করতে জরুরী নিদের্শনা প্রদান, ডি নথিতে দাপ্তরিক কাজ চালু ও ওয়েবসাইট হালনাগাদ করা এবং নিয়মিত মনিটরিং ও সুপারভিশনের মাধ্যমে সকল খাতে বিনিয়োগ/পুন:বিনিয়োগ ও আদায় শতভাগ নিশ্চিত করাসহ উকারভোগীর বিপরীতে বরাদ্দকৃত ব্যাংকে গচ্ছিত সকল কর্মসূচীর অর্থ শতভাগ বিতরণ/ব্যয় করার যথাযথ পদক্ষেপ গ্রহণে আপনাকে অনুরোধ করা হলো।



২৭-০৯-২০২৩
মোহাম্মদ শহীদুল ইসলাম
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)


উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সুনামগঞ্জ।

**স্মারক নম্বর:** ৪১.২৮.০০০০.০০০.১৬.০১৭.১৯.৪২৩/১ (৪)

তারিখ: ১২ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা;
২। পরিচালক(প্রশাসন ও অর্থ/কার্যক্রম/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর, ঢাকা;
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা এবং
৪। সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয়, সুনামগঞ্জ।



২৭-০৯-২০২৩
মোহাম্মদ শহীদুল ইসলাম
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)